

২০১৪

বাংলা

অষ্টম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

১নং প্রশ্নের উত্তর দান আবশ্যিক।

২, ৩, ৪ নং প্রশ্নের মধ্যে যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও।

- ১। 'কপালকুন্ডলা' উপন্যাস ইতিহাস ও রোমান্সের যুগলবন্দী' — আলোচনা
করো।

১৮

অথবা

মতিবিবি ও কপালকুন্ডলা—চরিত্র দুটির তুলনাত্মক আলোচনা করো।

- ২। চেতনা প্রবাহমূলক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে এই শ্রেণীর উপন্যাস হিসেবে 'চতুরঙ্গ'-এর সার্থকতা বিচার করো।

১৬

অথবা

'চতুরঙ্গ' উপন্যাসে শ্রীবিলাস চরিত্রটির গুরুত্ব নিরূপণ করো।

- ৩। 'শ্রীকান্ত' উপন্যাসের প্লট-গঠনের বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো।

১৬

অথবা

'শ্রীকান্ত' উপন্যাসের ইন্দ্রনাথ চরিত্রটির অসাধারণত্ব বিষয়ে আলোচনা করো।

- ৪। 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসে বিহারের অভ্যুত্থানী তাৎমা সমাজের যে পরিচয় লেখক তুলে ধরেছেন তা নিজের ভাষায় বর্ণনা করো।

১৬

অথবা

'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

৫নং প্রশ্ন এবং বাকি যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দান প্রয়োজন।

- ৫। 'বেদী' গল্পে দয়াময়ী চরিত্রটির করুণ পরিণতির জন্য তার সমাজ-পরিজন কতখানি দায়ি ছিল তা বিশ্লেষণ করে দেখাও।

১৮

অথবা

'আদরিণী' গল্পে মানব-হৃদয়ের সঙ্গে মানবেতর প্রাণীর সম্পর্ক কীভাবে ধরা পড়েছে তা আলোচনা করো।

- ৬। তারাশংকরের 'ডাইনী' গল্পে প্রকৃতির যে রূঢ় রূপ বর্ণিত হয়েছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

১৬

অথবা

'না' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

- ৭। "হাড়' নিয়তি তাড়িত মানুষের গল্প' — মন্তব্যটির যথার্থ্য বিচার করো।

১৬

অথবা

'পয়োমুকম্' গল্পে লেখক মানুষের অর্থলোলুপতার যে ভয়াবহ রূপ তুলে ধরেছেন — নিজের ভাষায় তা বর্ণনা করো।

৮। 'রস' গল্পের মোতালেফ চরিত্রটির বিশ্লেষণাত্মক আলোচনা করো।

১৬

অথবা

'সোচ্চার নয়, শাস্ত গভীর ইঙ্গিতময় তাই নরেন্দ্রনাথ মিত্রের গল্পগুলির
বৈশিষ্ট্য' — পঠিত গল্পের নিরিখে মন্তব্যটি বিচার করো।
